



বর্ডার গার্ড বাংলাদেশ
সেক্টর সদর দপ্তর, দিনাজপুর

“৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা” কাজের বিজ্ঞপ্তি

৪৪.০২.৫২০০.০৩০.৪০০.৩৯.১৮

তারিখ : ২৯ অক্টোবর ২০১৮

১। বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, দিনাজপুরের ২০১৮-২০১৯ অর্থ বৎসরের জন্য “৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা” খাতে কাজ করানো হইবে। আত্মহী ঠিকাদারগণ ছুটির দিন ব্যতিত আগামী ০৪-০৬ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ের মধ্যে কাজের স্থান সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন। স্থান পরিদর্শন এবং কাজের সিডিউল গ্রহণ পূর্বক ০৬ নভেম্বর ২০১৮ তারিখ ১১৩০ ঘটিকার মধ্যে অত্র সেক্টর সদরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করিতে হইবে এবং ঐ দিনই ১২০০ ঘটিকায় দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে এবং সর্বনিম্ন দরদাতাকে উক্ত কাজের দায়িত্বভার হস্তান্তর করা হইবে। উক্ত কাজের প্রতিটি সিডিউল বাবদ ৪০০/- (চারশত) টাকা প্রদান পূর্বক অফিস চলাকালীন সময়ের মধ্যে আগামী ০৬ নভেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত সেক্টর সদর দপ্তর, দিনাজপুর হইতে সংগ্রহ করা যাইবে। দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সংগে নিয়ম মোতাবেক ১০% হারে টাকা ব্যাংক ড্রাফট (আর্নেস্ট মানি হিসেবে) সেক্টর কমান্ডার, বিজিবি দিনাজপুরের অনুকূলে দাখিল করিতে হইবে, অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২। সেক্টর কমান্ডার, বিজিবি, দিনাজপুর কর্তৃক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

A 2/2


সহকারী পরিচালক

সেক্টর কমান্ডারের পক্ষে